গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ওপরামর্শকের কার্যপরিধি (ToR):

১.	প্রকল্পের নাম	:	জরুরি ২০০৭ ঘূর্ণিঝড় পুনরুদ্ধার ও পুনর্বাসন প্রকল্প। [Emergency 2007 Cyclone Recovery and Restoration Project (ECRRP) (LGED Part)]
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
৪.	প্রকল্পের অবস্থান	:	৯টি জেলাঃ বরগুনা, পিরোজপুর, পটুয়াখালী, বরিশাল, ভোলা, ঝালকাঠী, খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলা।

৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	প্রাক্কলিত ব্যয় মোট: জিওবি: পিএ: নিজস্ব অর্থা:	বাস্তবায়নকাল	ব্যয় হ্রাস/বৃদ্ধি (%)	
			মূল ডিপিপির তুলনায়	সর্বশেষ সংশোধিত ডিপিপি'র তুলনায়
মূল	২৮৯৫৯.২৫ ১৩৩.২৫ ২৮৮২৬.০০	আগষ্ট ২০০৮ হতে জুন, ২০১৩	-	-
১ম সংশোধিত	৮৯৫২৯.৮২ ৩৭২.২২ ৮৯১৫৭.৬০	আগষ্ট ২০০৮ হতে জুন, ২০১৪	৬০৫৭০.৫৭ (২০৯.১৬)	-
২য় সংশোধিত	১৯৫১৭০.০০ ৭৯৫.০০ ১৯৪৩৭৫.০০	আগষ্ট ২০০৮ হতে ডিসেম্বর ২০০১৭	১৬৬২১০.৭৫ (৫৭৩.৯৫)	১০৫৬৪০.১৮ (১১৭.৯৯)

৬. জুন, ২০১৬ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯৩৬৩৪.৪০ লক্ষ টাকা বা (৪৮%)।

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পের মূল উদ্দেশ্য হল-

(১) সুপার সাইক্লোন (সিডর)-এর ন্যায় প্রাকৃতিক দুর্যোগ ও জলোচ্ছ্বাসের সময় সম্পদসহ গৃহপালিত জীব-জন্তু ও জনগণের জন্য নিরাপদ আশ্রয় প্রদান করা;

(২) প্রাথমিক শিক্ষার সুবিধা সৃষ্টির মাধ্যমে সকলের জন্য শিক্ষার সুযোগ প্রদান করা;

(৩) ভৌত অবকাঠামো নির্মাণ এবং আশ্রয় কেন্দ্র ব্যবহারের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

(৪) বিভিন্ন সামাজিক এবং সরকারি কর্মসূচি যেমন- ইপিআই, এনজিও-দের প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির জন্য সুযোগ সৃষ্টি করা।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

সাইক্লোন সেল্টার নির্মাণ ও বিদ্যমান সাইক্লোন সেল্টার উন্নয়ন, সাইক্লোন সেল্টার সংযোগকারী সড়ক (ব্রীজ/কালভার্টসহ) নির্মাণ/পুন:নির্মাণ।

৯.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৯.১ প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);

৯.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জিত অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত /চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) প্রাতিপালন করা হয়েছে /হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয় ; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা , ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত /সংগৃহিতব্য পণ্য , কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত /সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য , কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষ ণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চনীয়। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৯.৭ ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৯.৮ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৯ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৯.১০ প্রকল্পের SWOT বিশ্লেষণ ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা অনুসরণ এবং ত্রুটি, দূর্বলতা বা অসঙ্গতি উত্তরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন

৯.১১ আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা যাচাই;

৯.১২ প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

৯.১৩ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	ফার্ম	-	• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	• সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রী • সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসহ বিল্ডিং নির্মাণ সেক্টরে কাজের অভিজ্ঞতা ; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা ; • কম্পিউটারের কাজে দক্ষতা । • উপস্থাপনা দক্ষতা।

	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	● সিভিল ইঞ্জিনিয়ারিং - এ স্নাতক ডিগ্রী ● সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বিল্ডিং নির্মাণ সেক্টরে কাজের অভিজ্ঞতা ;
	গ) ইঞ্জিনিয়ার	● সিভিল ইঞ্জিনিয়ারিং - এ স্নাতক ডিগ্রী সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সড়ক সেক্টরে কাজের অভিজ্ঞতা ;
	ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	অর্থনীতি/সমাজবিজ্ঞান/ পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● আর্থ-সামাজিক গবেষণা সংশ্লিষ্ট কাজে ক মপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা; ● বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

১২.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	

১৩.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।